

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৩২০

আগরতলা, ২১ ডিসেম্বর, ২০২৩

ভূমিকম্প নিয়ে রাজ্যের ৮ জেলায় মহড়া

ভূমিকম্পের মতো প্রাকৃতিক বিপর্যয় নিয়ে রাজ্যবাসীকে সচেতন করার লক্ষ্যে আজ সকাল ৯টায় সারা রাজ্যের ৮টি জেলায় মহড়া অনুষ্ঠিত হয়। রাজ্যের ৮টি জেলার মধ্যে পশ্চিম ত্রিপুরা জেলার ৬টি স্থানে ও অন্য ৭টি জেলায় ৫টি করে স্থানে মহড়া অনুষ্ঠিত হয়। এই কর্মসূচিতে ক্যাপিটেল কমপ্লেক্সস্থিত স্টেট ইমার্জেন্সি অপারেশন সেন্টার প্রাঙ্গণে এক মহড়া অনুষ্ঠিত হয়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের আর্থিক সহায়তায় এবং ত্রিপুরা ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির উদ্যোগে ও ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির সহায়তায় এই মহড়ার আয়োজন করা হয়। মহড়ায় উপস্থিত ছিলেন মুখ্যসচিব জে কে সিনহা, এনডিএমএ-এর সিনিয়র কনসালটেন্ট মেজর জেনারেল সুধীর ভাল, রাজস্ব দপ্তরের সচিব ড. টি কে দেবনাথ, আইজিপি জি এস রাও, তথ্য ও সংস্কৃতি দপ্তরের অধিকর্তা বিশ্বিসার ভট্টাচার্য, ডিজাস্টার ম্যানেজমেন্টের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস ছাড়াও আসাম রাইফেলস, বিএসএফ, সিআরপিএফ, টিএসআর, এনডিআরএফ, এয়ার ফোর্স, ওএনজিসি, অগ্নি নির্বাপক, স্বাস্থ্য, পরিবহন, অর্থ, শিক্ষা, পূর্ত, মৎস্য, পরিকল্পনা, সাইবার ক্রাইম, রাজস্ব প্রভৃতি দপ্তরের উচ্চপদস্থ আধিকারিকগণ ও স্বেচ্ছাসেবকগণ।

স্টেট ইমার্জেন্সি অপারেশন সেন্টারে সকাল ৯টায় ও সকাল ৯.৪৫ মিনিটে দুবার সাইরেন বাজিয়ে ভূমিকম্প নিয়ে মহড়া প্রদর্শিত হয়। রিখটার স্কেলে যার তীব্রতা দেখানো হয় যথাক্রমে ৮.২ এবং ৬.২। মহড়া চলাকালে আধিকারিকগণ ও জনসাধারণ আত্মরক্ষায় টেবিল ও চেয়ারের নীচে আশ্রয় নেন। অনেকে ঘর থেকে দ্রুত বের হয়ে খোলা জায়গায় চলে যান। এই সেন্টার থেকে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ৮ জেলার ভূমিকম্পের মহড়া দেখানো হয়। রাজ্যভিত্তিক মূল মহড়ার পর মুখ্যসচিব জে কে সিনহা, এনডিএমএ-র সিনিয়র কনসালটেন্ট মেজর জেনারেল সুধীর ভাল, পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, ডিজাস্টার ম্যানেজমেন্টের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস প্রমুখ জিবিপি হাসপাতাল পরিদর্শন করেন। উমাকান্ত একাডেমি ইংরেজি মাধ্যম বিদ্যালয়ের স্টেজিং এলাকা ও আইজিএম হাসপাতালের ক্ষয়ক্ষতির অংশ পরিদর্শন করেন এনডিএমএ-র সিনিয়র কনসালটেন্ট মেজর জেনারেল সুধীর ভাল, পশ্চিম জেলার জেলাশাসক ডা. বিশাল কুমার, ডিজাস্টার ম্যানেজমেন্টের স্টেট প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস প্রমুখ।
